



পশ্চিমবঙ্গ সরকার  
সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ  
তপন, দক্ষিণ দিনাজপুর

স্মারক নং- ৪১৪

তারিখঃ- ০৬/০৬/২০১৭

তপন ব্লকের অধীনে দাঁড়ালহাট উচ্চ-বিদ্যালয় সংখ্যালঘু মহিলা ছাত্রাবাসের  
বিভিন্ন পদে স্বনির্ভরদল নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ৫ নং দ্বীপখন্ডা গ্রাম পঞ্চায়েত এলাকার অন্তর্গত সমস্ত স্বনির্ভর দলগুলিকে জানানো হচ্ছে যে দাঁড়ালহাট উচ্চ-বিদ্যালয় সংখ্যালঘু মহিলা ছাত্রাবাসের বিভিন্ন কর্মী নিয়োগের এজেন্সী হিসাবে স্থানীয় স্বনির্ভর দল নির্বাচন করা হবে। (Notification no. 96-MD/P/3H-09/2016 dated. 10.01.2017 and memo no. 122-MD dated. 13.11.2017 and memo no. 2974-MD dated. 11.12.2015 of the Commissioner, MA&ME Deptt., Govt. of WB and as per decision of the Screening Committee dated. 28.04.2017)

অংশগ্রহণে ইচ্ছুক স্ব-নির্ভর দলগুলিকে আগামী ১৬/০৬/২০১৭ তারিখের মধ্যে সকাল ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত (শুধুমাত্র কাজের দিনগুলিতে) সমষ্টি উন্নয়ন আধিকারিকের দপ্তরে সকল তথ্য ও প্রত্যয়িত নকলসহ আবেদন করতে বলা হচ্ছে। নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত নির্দিষ্ট Screening Committee দলগুলিকে নির্বাচন করে জেলাশাসকের দপ্তরে অনুমোদনের জন্য পাঠাবেন। অনুমোদিত হলে উক্তদলকে সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক এজেন্সী হিসাবে এক বছরের জন্য নিযুক্ত করবেন।

পদের নামঃ-

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সাম্মানিক/পারিশ্রমিক
১.	মেট্রন	০১	৮০০০.০০ টাকা
২.	কুক	০১	৩০০০.০০ টাকা
৩.	হেল্পার	০১	২৫০০.০০ টাকা
৪.	নাইট গার্ড	০১	৩০০০.০০ টাকা
৫.	স্ক্রীনার/কর্মবন্ধু	০১	২০০০.০০ টাকা

স্ব-নির্ভর দল নিয়োগের শর্তাবলীঃ-

- (১) কেবলমাত্র দ্বীপখন্ডা গ্রাম পঞ্চায়েত এলাকাধীন এবং পূর্ণমূল্যায়ন বা C.C. Enhanced Repeat Grading উত্তীর্ণ স্ব-নির্ভর দল আবেদন করতে পারবেন।
- (২) সংখ্যালঘু মহিলাহোস্টেলটি যে সংসদে অবস্থিত অর্থাৎ জমিননিশ্চিন্তা সংসদের স্ব-নির্ভর দলকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে, তারপর দাঁড়ালহাট উচ্চ-বিদ্যালয় যে সংসদে অবস্থিত অর্থাৎ দরপইল সংসদের স্ব-নির্ভর দলকে পরবর্তী অগ্রাধিকার দেওয়া হবে। এই সংসদ গুলিতে উপযুক্ত দল পাওয়া না গেলে ঐ গ্রাম পঞ্চায়েতের অন্যান্য সংসদের স্ব-নির্ভর দল থেকে নিয়োগ করা হবে।
- (৩) কোন দলের সামগ্রিক গুণাগুণ, গ্রোডিং, সুনাম এবং interview এর ভিত্তিতে দল নির্বাচন করা হবে।
- (৪) মিড-ডে মিল বা অন্য কোন সরকারী প্রকল্পের সাথে যুক্ত থাকা দল নির্বাচিত হলে তাদের পূর্ববর্তী প্রকল্পের কাজ থেকে অব্যাহতি নিতে হবে।
- (৫) স্ব-নির্ভর দলের মধ্যে ন্যূনতম একজন উচ্চ-মাধ্যমিক বা সমতুল্য পাশ করা মহিলা সদস্য থাকতে হবে। একাধিক উচ্চ-মাধ্যমিক বা সমতুল্য পাশ করা মহিলা সদস্য যে দলে আছে তাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- (৬) মেট্রন পদে নিযুক্ত হলে উচ্চ-মাধ্যমিক বা সমতুল্য পাশ করা মহিলা সদস্যকে ২৪ ঘণ্টা হোস্টেলে থাকতে হবে এবং সেই মর্মে একটি লিখিত অঙ্গীকারপত্র দিতে হবে আবেদনকারীর দল ও সদস্যকে।
- (৭) একটি সাদা কাগজে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সাথে দিতে হবেঃ- (ক) সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্টের জেরব্ল কপি, (২) রিপোর্ট গ্রোডিং ব্যাঙ্ক স্টেটমেন্ট এর কপি, (৩) C.C. বই এর জেরব্ল কপি, এবং (৪) উপরোক্ত ৫টি পদে যারা কাজ করবে তাদের নামের তালিকা।
- (৮) আবেদনপত্রের সাথে একটি করণীয় কাজের বিবরণ ও অন্যান্য শর্ত উল্লেখ থাকবে যা আবেদনকারী দলকে মেনে চলতে হবে এই মর্মে স্বাক্ষর করে আবেদন করতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ-

- (১) নির্বাচিত স্ব-নির্ভর দলকে এক বছরের চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হবে। তবে কাজের মান বিবেচনা করে চুক্তি পূর্ননবিকরণ করা হতে পারে।
- (২) নির্বাচিত দলে উপযুক্ত সদস্য না থাকলে সেই দল নিজ দায়িত্বে বাইরের কাউকে নিয়োগপত্র দিতে পারে।
- (৩) কোন কর্মীকে ব্যক্তিগতভাবে পারিশ্রমিক দেওয়া হবেনা, দলের মাধ্যমে দেওয়া হবে।
- (৪) নাইট গার্ড পদে আবেদনের জন্য Police Verification আবশ্যিক।

সমষ্টি উন্নয়ন আধিকারিক  
তপন, দক্ষিণ দিনাজপুর

তারিখঃ- ০৬/০৬/২০১৭

স্মারক নং- ৪১৪ / (১৬)

প্রতিলিপি জ্ঞাতার্থে প্রেরিত হলঃ-

- (১) অধিকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বিকাশ ভবন, সল্টলেক, কলকাতা-৭০০০৯১, (২) সভাপতি, দক্ষিণ দিনাজপুর জিলাপরিষদ, (৩) জেলা সমাহর্তা, দক্ষিণ দিনাজপুর, (৪) মহকুমা শাসক, বালুরঘাট (সদর), (৫) জেলা সংখ্যালঘু আধিকারিক, দক্ষিণ দিনাজপুর, (৬) এন.আই.সি, দক্ষিণ দিনাজপুর, জেলার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল, (৭) সভাপতি, তপন পঞ্চায়েত সমিতি, (৮) সহকারী-সভাপতি, তপন পঞ্চায়েত সমিতি, (৯) কর্মাধ্যক্ষ, শিক্ষা, সংস্কৃতি, তথ্য ও ক্রীড়া স্থায়ী সমিতি, তপন পঞ্চায়েত সমিতি, (১০) যুগ্ম-সমষ্টি উন্নয়ন আধিকারিক, তপন ব্লক, (১১) ভারপ্রাপ্ত আধিকারিক, তপন থানা, (১২) প্রধান শিক্ষক, দাঁড়ালহাট উচ্চ-বিদ্যালয়, (১৩) মহিলা উন্নয়ন আধিকারিক, তপন থানা, (১৪) প্রধান, দ্বীপখন্ডা গ্রাম পঞ্চায়েত, (১৫) সম্পাদিকা, প্রেরণা সংঘ, দ্বীপখন্ডা গ্রাম পঞ্চায়েত, (১৬) অফিস নোটিশ বোর্ড, তপন ব্লক।

সমষ্টি উন্নয়ন আধিকারিক  
তপন, দক্ষিণ দিনাজপুর